


## প্রেস বিজ্ঞপ্তি

৪৬৭ তম কমিশন সভা অদ্য ০৬/০২/২০১৩ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. সভায় FAS Finance & Investment Limited এর রাইট শেয়ার (১R : ১ অনুপাতে অর্থাৎ বিদ্যমান ১টি শেয়ারের বিপরীতে ১টি রাইট শেয়ার) এর প্রস্তাব কোন প্রিমিয়াম ব্যতীত ফেস ভ্যালুতে অনুমোদন করা হয়েছে। এই রাইট শেয়ারের মাধ্যমে FAS Finance & Investment Limited কে কমিশন ৫,৪২,৪৭,৫৯৯ টি সাধারণ শেয়ার, প্রতিটি ১০ টাকা মূল্যে বাজারে ছেড়ে বাজার থেকে পুঁজি উত্তোলনের প্রস্তাবে অনুমতি প্রদান করেছে। এর মাধ্যমে কোম্পানিটি ৫৪,২৪,৭৫,৯৯০.০০ (চুয়ান্ন কোটি চব্বিশ লক্ষ পঁচাত্তর হাজার নয়শত নব্বই) টাকা উত্তোলন করবে। এই রাইট ইস্যুর জন্য ইস্যু ম্যানেজার হিসেবে AAA Consultants and Financial Advisers Ltd. কাজ করছে।
২. কমিশন আজকের সভায় CAPM Unit Fund নামক বে-মেয়াদী (Open-end) মিউচুয়াল ফান্ড এর খসড়া ট্রাস্ট ডীড ও বিনিয়োগ ব্যবস্থাপনা চুক্তি অনুমোদন করেছে। মিউচুয়াল ফান্ডটির আকার হচ্ছে ১০ কোটি টাকা এবং সম্পদ ব্যবস্থাপক এর দায়িত্বে নিয়োজিত রয়েছে CAPM (Capital & Asset Portfolio Management) Company Ltd.।
৩. নির্দিষ্ট সময়ের মধ্যে Corporate Governance Guideline (CGG) সংক্রান্ত শর্তাদি পরিপালনে ব্যর্থতার জন্য সময় চেয়ে Reliance Insurance Ltd., United Commercial Bank Ltd. এবং IDLC Finance Ltd. এর আবেদনের উপর কমিশন আজকের সভায় অসম্মতি জ্ঞাপন করে এবং Corporate Governance Guideline সংক্রান্ত শর্তাদি জরুরী ভিত্তিতে পরিপালনের নির্দেশ প্রদানের সিদ্ধান্তও গ্রহণ করেছে। এছাড়া সভায় CGG পরিপালনে ব্যর্থতার জন্য উক্ত প্রতিষ্ঠানগুলিকে সতর্ক পত্র (Warning) ইস্যু করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।
৪. আজকের সভায় কমিশন, All Tex Industries Limited এর শেয়ার লেনেদেনে সিকিউরিটিজ আইন ভঙ্গ করার কারণে বিনিয়োগকারী জনাব মোঃ নিজাম উদ্দিন -কে সতর্ক পত্র (Warning) ইস্যু করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। এছাড়াও গ্লোব সিকিউরিটিজ লিঃ এবং শ্যামল ইকুইটি ম্যানেজমেন্ট লিঃ স্টক ব্রোকারদ্বয়কে Z ক্যাটাগরীর উক্ত শেয়ার লেনেদেনে মার্জিন ঋণ প্রদান করে সিকিউরিটিজ আইন ভঙ্গ করার কারণে প্রত্যেককে ১ লক্ষ টাকা হারে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
৫. সভায় Paramount Insurance Company Limited (Issuer) এর শেয়ার লেনেদেনে মার্জিন ঋণ প্রদান করে (৪০ পিই এর উপরে Non-marginable শেয়ারে) সিকিউরিটিজ আইন ভঙ্গ করার কারণে মার্চেন্ট ব্যাংক Fidelity Assets and Securities Company Limited -কে ১ লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও Margin Rules, 1999 ভঙ্গ করে Paramount Insurance Company Limited এর ৪০ পিই এর উপর Non-marginable শেয়ারে ঋণ প্রদান করায় যথাক্রমে স্টক ব্রোকার Mona Financial Consultancy and Securities Limited ও Salta Capital Limited -কে ১ লক্ষ টাকা হারে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
৬. স্টক ব্রোকার মার্কেটাইল ব্যাংক সিকিউরিটিজ লিঃ -কে Z ক্যাটাগরীর Anwar Galvanizing Limited এর শেয়ার লেনেদেনে মার্জিন ঋণ প্রদান করে সিকিউরিটিজ আইন ভঙ্গ করার কারণে ১ লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

  
০২/০২/২০১৩  
মোঃ সাইফুর রহমান  
নির্বাহী পরিচালক ও মুখপাত্র